



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/9/2021

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো নিউ ইয়র্কে যুক্তরাজ্যের স্ট্রেইনের তিনটি অতিরিক্ত কেসের কথা ঘোষণা করেছেন

*যুক্তরাজ্যের স্ট্রেইনের মোট চারটি কেস এখন পর্যন্ত নিউ ইয়র্কে চিহ্নিত করা হয়েছে*

*সারাটোগা স্প্রিংসে চিহ্নিত মূল কেসের সাথে সম্পর্কিত দুটি কেস; মাসাপেকুয়ায় তৃতীয় কেস চিহ্নিত হয়েছে*

*নিউ ইয়র্কের ওয়াডসওয়ার্থ ল্যাবরেটরি যুক্তরাজ্যের স্ট্রেন টেস্টিং প্রোগ্রামের অংশ হিসেবে 2,200 টি নমুনা অনুক্রমিত করেছে*

*সম্ভাব্য যুক্তরাজ্যের ভ্যারিয়েন্টের সংস্পর্শগুলিকে রাজ্যের পরীক্ষার সাইটে অগ্রাধিকার দেওয়া হয়েছে*

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কে COVID-19 ভাইরাসের যুক্তরাজ্যের স্ট্রেইনের অতিরিক্ত তিনটি কেস চিহ্নিত করা হয়েছে। গত সপ্তাহে সারাটোগা স্প্রিংসে চিহ্নিত যুক্তরাজ্যের স্ট্রেইনের প্রাথমিক আবিষ্কারের সাথে দুটি কেস যুক্ত, অন্যদিকে তৃতীয় একটি কেস, যা সারাটোগা স্প্রিংসের সংস্পর্শগুলির সাথে সম্পর্কিত নয়, তা নাসাউ কাউন্টির মাসাপেকুয়ায় বসবাসকারী এক ব্যক্তির কাছে ট্রেস করা গেছে। স্বাস্থ্য বিভাগের (Department of Health) ওয়াডসওয়ার্থ ল্যাবরেটরির (Wadsworth laboratory) মাধ্যমে এই মামলাগুলো রচনা করা হয়েছে, যা রাজ্যের যুক্তরাজ্যের স্ট্রেইনের পরীক্ষার কর্মসূচীর অংশ হিসেবে 2,200 এরও বেশি ভাইরাল সিকোয়েন্স বিশ্লেষণ করেছে।

"যুক্তরাজ্যের স্ট্রেইন এখানে এসে গেছে, এটা বাস্তব, এবং যে উসাইন বোল্টের মত গতিতে এটি ছড়িয়ে পড়ে তা ভীতিকর ছাড়া আর কিছু নয়," **গভর্নর কুওমো বলেন।** "এটা কিভাবে এখানে এসেছে তা নিয়ে কোন রহস্য নেই - এটা প্লেনে উঠে ইউরোপ থেকে এখানে উড়ে এসেছে, ঠিক যেমন মূল স্ট্রেইন এসেছিল। তা সত্ত্বেও, ফেডারেল সরকার বসন্তে পাওয়া শিক্ষা থেকে শিখতে অস্বীকার করছে এবং সকল আন্তর্জাতিক পর্যটকদের জন্য পরীক্ষা বাধ্যতামূলক করতে অস্বীকার করছে। তাদের কাজ করতে ব্যর্থ হওয়ার মানে হচ্ছে আমাদের বাকিদের এই বিস্তার বন্ধ করার জন্য আমাদের কাজে আরও বেশি সজাগ থাকতে হবে, সেই সাথে এই টীকা বিতরণ স্বরাশ্রিত করার জন্য আমাদের যথাসাধ্য চেষ্টা করতে হবে। ইতিমধ্যে, ওয়াডসওয়ার্থ ল্যাব সারা রাজ্য থেকে

আক্রমনাত্মকভাবে নমুনা সিকোয়েন্স করতে থাকবে, যাতে যুক্তরাজ্যের স্ট্রেইনের আর কোন দৃষ্টান্ত চিহ্নিত করা যায়, এবং অবিলম্বে তা সনাক্ত করা যায় এবং সীমায়িত করা যায় ও সংস্পর্শটিকে থুঁজে পাওয়া যায়।"

সারাটোগা কাউন্টির সারাটোগা স্প্রিংসের একটি গয়নার দোকানের একজন কর্মচারীর সাথে যুক্তরাজ্যের স্ট্রেইনের প্রাথমিক সনাক্তকরণের পর ওয়াডসওয়ার্থ ল্যাবরেটরি গয়নার দোকানের পাঁচজন অতিরিক্ত কর্মচারীর কাছ থেকে এই ভাইরাসের অনুক্রম করে, যারা COVID-19 এর জন্য পরীক্ষার ইতিবাচক ফল লাভ করেছিলেন। অনুক্রম করার পর, ওয়াডসওয়ার্থ নিশ্চিত করতে পারবে যে যুক্তরাজ্যের স্ট্রেইন দুই ব্যক্তির মধ্যে উপস্থিত ছিল।

স্বাস্থ্য দপ্তর এই সপ্তাহে বিনামূল্যে COVID-19 পরীক্ষা চালিয়েছে এমন কারো জন্য যিনি সারাটোগা কেসের সাথে সম্পর্কিত সংস্পর্শে এসে থাকতে পারেন। 400 জনেরও বেশী লোককে পরীক্ষা করা হয়েছে এবং ওয়াডসওয়ার্থ সেন্টার যুক্তরাজ্যের ভ্যারিয়েন্টের জন্য সকল ইতিবাচক কেসগুলি পরীক্ষা করছে।

সারাটোগা স্প্রিংস কেসের থেকে পৃথক,–নাসাউ কাউন্টির মাসাপেকুয়াতে তৃতীয় একটি কেস সনাক্ত করা হয়েছে। এই ক্ষেত্রে, 60 বছর বয়সী একজন ব্যক্তিকে 27 ডিসেম্বর COVID-19 জন্য ইতিবাচক পরীক্ষার পর তার যুক্তরাজ্যের স্ট্রেইন আছে বলে সনাক্ত করা হয়েছে। ওয়াডসওয়ার্থ বায়োরেফারেন্স (BioReference) থেকে এই নমুনা পেয়েছেন রাজ্য জুড়ে গবেষণাগারগুলিকে যুক্তরাজ্যের স্ট্রেইনের জন্য বিশ্লেষণ করার জন্য নমুনা প্রদান করার জন্য স্বাস্থ্য বিভাগের অনুরোধের পর। ডিপার্টমেন্ট অতিরিক্ত-সম্ভাব্য সংস্পর্শ সনাক্ত করার জন্য নাসাউ কাউন্টির কন্ট্যাক্ট ট্রেসারদের সাথে কাজ করছে।

নিউ ইয়র্ক স্টেট অ্যালবেনি বিশ্ববিদ্যালয় (University at Albany) এবং জোন্স বিচের পরীক্ষামূলক অবস্থানের মাধ্যমে একটি বিনামূল্যে COVID-19 ড্রাইভ পরিচালনা করে যা সপ্তাহে সাত দিন খোলা থাকে এবং প্রয়োজন অনুযায়ী যুক্তরাজ্যের ভ্যারিয়েন্টের সংস্পর্শে আসা কেসের জন্য পরীক্ষাকে অগ্রাধিকার দেবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)